স্বরলিপি

।I সা সা। সা সা সা। সা সা। সা সা সা। সা সা। সা গা পা।
শু ধু তো মা র বা ণী ন য় গো হে ব ন্ ০ ধু

। ন্া -সরা। রা রা -া। জ্ঞা জ্ঞা। জ্ঞা জ্ঞা -া। জ্ঞা জ্ঞা। জ্ঞা জ্ঞা জ্ঞা।
হে ০০ প্রি য় ০ মা ঝে মা ঝে ০ প্রা ণে তো মা র

। মা পা। র্সণা ধা পা। [ম]পা মা। -জ্ঞা -া -া II
প র শ্০ খা নি দি ও ০ ০ ০

II না না। না না র্সা। র্সা র্সা। র্সা না র্রর্সা। পা না। না না র্সা।
সা রা প থে র ক্লা ন্ তি আ মার সা রা দি নে র

। না [র]র্সা। -া -া -া। র্সা র্রা। ণা ধা ণা। ধা [র্স]ণা। ধা পা -া।
তৃ ষা ০ ০ ০ কে ম ন্ ক রে মে টা ব যে ০

। মা পা। ণা -ধা পা। [ম]পা মা। -জ্ঞা -া -া। র্সা র্সা। র্রা র্রা র্রা।
খুঁ জে না ০ পাই দি শা ০ ০ ০ এ আঁ ধা র যে

। [র্ম]র্জ্ঞা র্জ্ঞা। র্মা র্রা র্সা। র্সা না। র্রা র্সা র্রা। [ন]র্সা -[র্র]র্সা। -[ন]র্সা ণা -া।
পূ র্ ণ তো মার সে ই ক থা ব লি ০ ০ ও ০

। ধা ণা। ধা ণা -া। ধা পা। পা পা ধা। মা পা। [র্স]ণা ধা পা।
মা ঝে মা ঝে ০ প্রা ণে০ তো মা র প র শ খা নি

। [ম]পা মা। -জ্ঞা -া -া II
দি ও ০ ০ ০

II সা সা। রা রা জ্ঞা। রজ্ঞা মজ্ঞা। জ্ঞা র্রা সা। ন্া সা। সা রা ধা।
হৃ দয় আ মা র চা০ য়্০ যে দি তে কে ব ল্ নি তে

। পা পা। -া -া -া। পা প্া। পা পা -া। পা পা। পা পা [প]মা।
ন য় ০ ০ ০ বঁ য়ে ব য়ে ০ বে ড়া য় সে তার

। পধা -ণর্সা। ণধা পা -া। মপা ধপা। মা জ্ঞা -া II
যা০ ০০ কি০ ছু ০ স০ ন্০ চ য় ০

II না ন্া। না না নর্সা। র্সা র্সা। র্সা র্সনা [র]র্সা। পা না। না না র্সা।
হা ত খা নি ঐ০ বা ড়ি য়ে আ০ নো দা ও গো আ মার

। র্সনা [র]র্সা। -া -া -া। র্সা না। র্রা র্সা র্রা। ধা র্সা। ণা ধা পা।
হা০ তে ০ ০ ০ ধ র্ ব তা রে ভ র্ ব তা রে

। মপা ধণা। ণা ধা পা। মপা -া। জ্ঞা -া -া। জ্ঞা জ্ঞা। জ্ঞা জ্ঞা জ্ঞা।
রা০ খ্০ ব তা রে সা০ ০ থে ০ ০ এ ক্ লা প থের

। জ্ঞা জ্ঞা। জ্ঞা জ্ঞা জ্ঞা। মা মা। পা না র্সা। নর্সা র্রসা। -র্সা ণা -া।
চ লা আ মা র ক র্ ব র ম ণী০ ০০ ০ য় ০

। ধা ণা। ধা ণা -া। ধা পা। পা পা ধা। মা পা। [ম]ণা ধা পা।
মা ঝে মা ঝে ০ প্রা ণে তো মা র প র শ খা নি

। [ম]পা [ম]জ্ঞা। -া -া -া II II
দি ও ০ ০ ০

তত্ত্ববোধিনী-পত্রিকা, পৌষ) শ্রীদীনেন্দ্রনাথ ঠাকুর।

স্বরলিপি

সা II {সা ঋা পা গা। [ম]গা ঋা ঋা সন্া। সা ঋা া গঋা। সা া
শে হা ০ ল পো হা ০ লো বি ভা ০ ০ ব রী ০

া া }। সা সা দা দা। পা পা দা পা। মা পা মদা পা।
০ ০ পূ র্ ব তো র ণে শু নি বাঁ ০ ০ শ

মা গা পা গা II
রী "পো ০"

II দা া দা দা। না র্সা র্সা র্সা। র্ঋা া র্ঋা র্সা। র্সনা না র্সা র্সা।
না ০ চে ত র ঙ্ ০ গ ত রী ০ অ তি চ ন্ চ ল

দা দা দা দা। না না র্সা। ন র্ঋা র্ঋা র্সা। নর্সা পা।
ক ম্ পি ত অ ং শু ক কে ০ ত ন অ ন্ চ ল



(প্রবাসীর জন্য লিখিত) শ্রীদীনেন্দ্রনাথ ঠাকুর।

দেশের কথা

স্বদেশের কথার আলোচনায় যাহা আমাদের প্রধান অবলম্বন, দেশের সেই সংবাদপত্রসমূহ আজকাল যুদ্ধবিগ্রহের 'প্রেস-বুরো' নিয়াই ব্যতিব্যস্ত। কাজেই দেশের অঙ্গের যেস্থলে যুদ্ধের আঘাত প্রত্যক্ষভাবে লাগিতেছে, প্রসঙ্গতঃ সেইস্থলেরই 'বুলেটিন'টি ঘোষণা করিয়া দেশের প্রতি আপনাদের কর্ত্তব্য শেষ করিতে অনেক পত্রিকাই প্রয়াসী। তৎসূত্রে দেশের অন্যান্য যে দুইএকটি বার্ত্তা ধ্বনিত হইয়া উঠে, তাহা বিজ্ঞাপন-বহুল সাপ্তাহিকের ক্রোড়পত্রের প্রয়োজনসঙ্কিত একআধটি চুরি বা জখমের সংবাদেরই ন্যায় নিতান্ত অসার। ফলে, দেশের কথা 'থোড় বড়ি খাড়া' বা 'খাড়া বড়ি থোড়ে'র আলোচনায়ই পর্য্যবসিত হইয়া পড়ে। আমরা পূর্ব্বাবধি বলিয়া আসিতেছি যে, সাপ্তাহিক পত্রিকার সম্পাদকগণ যদি স্থানীয় কৃষি, বাণিজ্য, শিল্প, স্বাস্থ্য, আমদানী, রপ্তানি, ইতিহাস, পুরাতত্ত্ব, সমাজহিতকর কার্য্য প্রভৃতির আলোচনায় অধিকতর মনোনিবেশ করেন, তাহা হইলে একদিকে যেমন তদ্দ্বারা জাতীয় ইতিহাসের প্রকৃষ্ট উপাদান প্রস্তুত হইতে পারে, অন্যদিকে তাহা দেশের মর্ম্মকথাস্বরূপ বিশ্বের কথার সুরে সম্মিলিত হইয়া সার্থকতালাভে সমর্থ হয়। পত্রিকা-প্রকাশের প্রকৃত দায়িত্ব বুঝিয়া যে-সকল পত্রিকা এবিষয়ে কিঞ্চিন্মাত্রও যত্নের পরিচয় দিয়া আসিতেছেন তাঁহারা যথার্থই দেশ-হিতৈষণার অগ্রদূতরূপে প্রতিষ্ঠা পাওয়ার যোগ্য। কিন্তু দেশের দুর্ভাগ্য, এরূপ পত্রিকার সংখ্যা নিতান্তই অল্প এবং এই অল্পসংখ্যক পত্রিকায়ও দেশের প্রয়োজনানুরূপ সংবাদের পরিমাণ তেমন বেশি দেখা যায় না। তবু ইহাদিগকেই সঙ্গে করিয়া আমাদের আলোচনাক্ষেত্রে অগ্রসর হওয়ার প্রয়োজন।

ইতিপূর্ব্বে অনাবৃষ্টির জন্য দেশব্যাপী একটা হাহাকার উঠায় সংপ্রতি পর্জ্জন্যদেব তর্জ্জনীদ্বারা দুই এক ফোঁটা শান্তিজল দেশের অঙ্গে ছিটাইয়া দিয়াছেন। কিন্তু তাহাতে শান্তি তো হয়ই নাই, বরং অনেকস্থলে উল্টা ফলেরই আশঙ্কা দেখা যাইতেছে। বৃদ্ধ 'কাশীপুরনিবাসী' বলিতেছেন—

"গত ৪ঠা পৌষ হইতে আকাশ মেঘাচ্ছন্ন হইয়া ৬ই পর্য্যন্ত বর্ষা চলিয়াছে; ইহাতে ক্ষেত্রের ও গৃহস্থের বাড়ির কাটা পালা-দেওয়া ধানগুলির ক্ষতি করিয়াছে।"

'পাবনা-বগুড়া-হিতৈষী'তে প্রকাশ—

"গত ২২শে তারিখ রবিবার রাত্রিতে ২।৪ ফোঁটা বৃষ্টি হইয়াছিল, কিন্তু তাহাতে কিছুই উপকার হয় নাই।"

কুমিল্লা ও চট্টগ্রাম-অঞ্চলে ইন্দ্রদেব একটু মুক্তহস্ত হইয়া সর্ব্বনাশের পন্থা আরো বিস্তৃত করিয়া দিয়াছেন। কুমিল্লার 'ত্রিপুরা-হিতৈষী' বলিতেছেন—

"অনেক দিনের পর গত শনিবার রাত্রি হইতে পর্জ্জন্যদেব অবিরল ধারায় বর্ষণ আরম্ভ করিয়াছেন। এইপ্রকার অবিরত বারিপাত-নিবন্ধন ধান্য-ফসলের ও গড়-বিচালির অত্যধিক ক্ষতি হইয়াছে। অনেক গৃহস্থের কাটা ধান্য বাড়ী আনিয়া ও অনেকের মাঠে খাকিয়া প্রচুর পরিমাণে নষ্ট হইয়া গিয়াছে। সরিষা প্রভৃতি নানারূপ রবিশস্যও অতিবৃষ্টিপাত-দরুণ বিনাশপ্রাপ্ত হইয়াছে।"

চট্টগ্রামের 'জ্যোতিঃ'তে প্রকাশ—

"সমস্ত দিন মুষলধারে বর্ষণ হইয়াছে। কৃষকের বার আনা কর্ত্তিত শস্য বাড়ীতে ও পাকারে ভিজিয়াছে, আর চারি আনা পাকা ধান মাঠে ভাসিতেছে। গরু ছাগলের জন্য ঘাস মিলিবে না। • • • পাউতী কৃষিরও কতেক অনিষ্ট হইয়া গেল।"

সাধারণতঃ ডাকের বচনেও শোনা যায়—

'যদি বর্ষে পৌষে।
কড়ি হয় তুষে।'

বস্তুত, 'তুষে' 'কড়ি' হইবার সূচনা ইতিমধ্যেই স্থানে স্থানে দেখা গিয়াছে। মৈমনসিংহের 'চারুমিহির' সংবাদ দিয়াছেন—

"লবণ ব্যতীত প্রায় জিনিসের মূল্য টাকা-প্রতি এক আনা হইতে দুই আনা পরিমাণে বাড়িয়াছে।"

'হিন্দুরঞ্জিকা' রাজসাহীর কথা বলিতেছেন—

'খাদ্য-দ্রব্য ক্রমেই দুর্ম্মূল্য হইয়া উঠিল।'

টাঙ্গাইলের 'ইসলাম-রবি' স্থানীয় বাজারদর-প্রসঙ্গে বলেন—

"চাল, ডাল, তেল, লবণ, মরিচ, চিনী, মিশ্রী, ময়দা, দেশলাই প্রভৃতি সমস্ত জিনিষেরই মূল্য ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে।"

'জ্যোতিঃ' চট্টগ্রামের অবস্থা জানাইতেছেন—

"চট্টগ্রামে খাদ্য-দ্রব্যের মূল্য অত্যধিক পরিমাণে বর্দ্ধিত হইয়াছে।"

'মানভূমে' প্রকাশ—

"দেশী বিদেশী প্রায় সমগ্র জিনিষেরই দাম চড়িয়াছে।"

কাঁথির 'নীহার' সংবাদ দিতেছেন—

"পুরাতন মোটা চাউল টাকায় /৮ সের। নূতন চাউল টাকায়